দৈনিক জনকণ্ঠ
২৮।৩।৯৯

৩

# বাংলাদেশের উন্নয়নে প্রশাসনিক সংস্কার, আজ আলোচনা

## প্রেক্ষাপট— ফুয়েল ছাড়া ফাইল যেখানে নড়ে না

জনকণ্ঠ রিপোর্ট

বাংলাদেশের জনপ্রশাসনে জাতীয় স্বার্থকে ক্ষুণ্ন করে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নকে দীর্ঘসূত্রতার মুখে ঠেলে দেয়া হয়। দুর্নীতিমূলকভাবে ঘুষ প্রদানকারীর অনুকূলে বিভিন্ন বিষয়ের নিষ্পত্তি করা হয়। ঘুষ,

(১১-এর পাতায় দেখুন)

## বাংলাদেশের উন্নয়নে

(প্রথম পাতার পর)

পক্ষপাতিত্ব ও স্বজনপ্রীতির ভিত্তিতে কর্মসংস্থান এবং কাভি ক্ষত নিয়োগ-বদলি হয়। বাস্তবায়ন ব্যর্থতাসম্পন্ন প্রকল্পগুলোর আওতায় চুক্তি সম্পাদন ও বিল অনুমোদন করা হয়। ঘুষের বিনিময়ে কর আদায়কে এড়িয়ে যাওয়া হয়। ঘুষের সুযোগ না থাকলে কাজ অসমাপ্ত ফেলে রাখা হয়। অত্যন্ত যুক্তিসঙ্গত ক্ষেত্রেও ঘুষ দেয়া না হলে কোন বিষয় ফাইল নড়ে না। সেই বিষয়টি কতটা গুরুত্বপূর্ণ বা এর সাথে কি পরিমাণ অর্থ জড়িত তার ওপর ভিত্তি করে নির্ধারিত হয় ঘুষের পরিমাণ। দেশে জনপ্রশাসন যেভাবে চলছে এগুলো তার কিছু দিক। তবে অধিকাংশ ক্ষেত্রেই এ ধরনের সুনির্দিষ্ট তথ্য জনগণ জানতে পারে না।

বাংলাদেশ উন্নয়ন পরিষদের (বিইউপি) চেয়ারম্যান ডঃ কাজী খলীকুজ্জামান আহমেদের দৃষ্টিতে এই যখন দেশের জনপ্রশাসনের অবস্থা, তখন আজ রবিবার থেকে ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে 'বাংলাদেশের উন্নয়নে প্রশাসনিক সংস্কার' শীর্ষক তিন দিনব্যাপী আন্তর্জাতিক সেমিনার। ইউএনডিপি'র অর্থায়নে এবং সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) ও বিইউপি'র সহায়তায় এই সেমিনারের আয়োজন করেছে জনপ্রশাসন সংস্কার কমিশন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল নটায় হোটেল সোনারগাঁওয়ে এই আন্তর্জাতিক সেমিনারের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। উদ্বোধনী অনুষ্ঠানে জনপ্রশাসন সংস্কার কমিশনের চেয়ারম্যান এটিএম শামসুল হক, ইউএনডিপির আবাসিক প্রতিনিধি ডেভিড ই লকউড, সিপিবির নির্বাহী চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহান এবং বিইউপি'র নির্বাহী চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জামান আহমেদও বক্তৃতা করবেন।

তিন দিনব্যাপী এই আন্তর্জাতিক সেমিনারের মোট ১১টি অধিবেশনে আলোচনায় অংশ নেবেন জাতীয় সংসদের স্পীকার, মন্ত্রিপরিষদের কয়েকজন সিনিয়র সদস্য, বিরোধী দলীয় উপনেতাসহ কয়েকজন সংসদ সদস্য, সরকারী ও বিরোধীদলীয় রাজনীতিবিদ, দেশী-বিদেশী বিশেষজ্ঞ, কূটনীতিবিদ, বিশ্ব ব্যাংকের সিনিয়র ভাইস প্রেসিডেন্টসহ আন্তর্জাতিক সাহায্য সংস্থার কয়েকজন উর্ধতন কর্মকর্তা, জনপ্রশাসন উন্নয়নে দক্ষ ব্যক্তিত্ব, আইনজীবী, সাংবাদিক, বুদ্ধিজীবী প্রমুখ।

ড. কাজী খলীকুজ্জামান আহমেদ আজ এই সেমিনারের প্রথম কর্মঅধিবেশনে 'বাংলাদেশে জনপ্রশাসন : দক্ষতা, জবাবদিহিতা ও স্বচ্ছতা' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করবেন।